# মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

নফল ও সুন্নাত সলাত বাড়ীতে পড়া

নাবী (ﷺ) সকল সুন্নাত ও যাবতীয় নফল সলাত বিশেষ কোন কারণ না থাকলে বাড়িতেই পড়তেন। বিশেষ করে মাগরিবের সুন্নাত তিনি বাড়িতেই আদায় করতেন। কখনও তিনি তা মসজিদে পড়েছেন বলে সহীহ সূত্রে প্রমাণিত নেই। তবে মসজিদে পড়লেও কোন অসুবিধা নেই। সমস্ত নফল সলাতের মধ্য হতে তিনি ফজরের সুন্নাতের প্রতি অধিক গুরুত্ব প্রদান করতেন। ফজরের সুন্নাত এবং বিতর সলাত তিনি সফরে বা নিজ বাসস্থানে থাকা অবস্থায় কখনও ছাড়েন নি। সফর অবস্থায় ফজরের সুন্নাত ও বিতর সলাত ব্যতীত অন্য কোন সুন্নাত পড়েছেন বলে কোন প্রমাণ পাওয়া যায়না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3752

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন